

নিবেদন

ভাষাতত্ত্বের দৃষ্টিতে পুরানো বাংলা চিঠি-দলিল-হিসাবপত্র শীর্ষক এই গবেষণা প্রকল্পটি আমাদের দীর্ঘদিনের প্রচেষ্টার একটি ফসল। প্রকল্পটি শুরু করার পূর্বে অর্থাৎ স্নাতকোত্তর শ্রেণিতে পড়বার সময় থেকে আমরা উত্তর, দক্ষিণ ও পূর্ববঙ্গের বিভিন্ন স্থান থেকে অসংখ্য পুথি চিঠি-দলিল ইত্যাদি সংগ্রহ করি। পরবর্তী সময়ে এই সংগৃহীত পুথি এবং চিঠি-দলিলগুলি নিয়ে গবেষণা শুরু করি পরম শ্রদ্ধেয় অধ্যাপক এবং আমার জীবনের কাণ্ডারী ড. মীর রেজাউল করিমের নির্দেশে। প্রকল্পটি স্থির করে দিয়েছিলেন সর্বজন শ্রদ্ধেয় অধ্যাপক ড. নির্মল দাশ। পরবর্তী সময়ে ড. নির্মল দাশ, ড. সুবোধ কুমার যশ এবং ড. মীর রেজাউল করিম শত কর্মব্যস্ততার মাঝেও যে ভাবে পরম যত্নে গবেষণা-পর্যালোচনার কাজটি সম্পন্ন করেছেন তা আমার কাছে পরম প্রাণ্ডি।

পুথি ও চিঠি-দলিল সংগ্রহকালে যাঁদের আন্তরিক সাহায্য সহযোগিতা পেয়েছি তাঁরা হলেন আরতি মুখোপাধ্যায় (মাটিয়ারী, কৃষ্ণগঞ্জ ব্লক, নদিয়া), শুভঙ্কর দাঁ (বানপুর, নদিয়া), মোহিত রায় (কৃষ্ণনগর, নদিয়া), দেবু গুপ্ত (কৃষ্ণনগর, নদিয়া), নির্মল আগরওয়াল, (বালুরঘাট, দঃ দিনাজপুর), হেমন্ত বর্মণ (মাথাভাঙ্গা, কোচবিহার), শ্যামল ঘোষ (জলপাইগুড়ি), শঙ্কর দাশ (আগরতলা, ত্রিপুরা), আবুল হোসেন মণ্ডল (জীবননগর, চুয়াডাঙ্গা, বাংলাদেশ) প্রমুখ।

বিভিন্ন লাইব্রেরির সাহায্য ছাড়া প্রকল্পটি রূপায়ণ সম্ভব ছিল না। জলপাইগুড়ি জেলা গ্রন্থাগার এর কর্মীবৃন্দ (যার মধ্যে বনানীদি, বাণীদি, রত্নাদি, দিলীপদা, শ্যামলদা, রবিদা প্রধানত), এসিয়াটিক সোসাইটির কর্মীরা (যার মধ্যে মদন মণ্ডল, সুজাতা মিশ্র বিশেষভাবে), বঙ্গীয় সাহিত্য পরিষৎ, ন্যাশনাল লাইব্রেরি, বীরচন্দ্র লাইব্রেরি (আগরতলা, ত্রিপুরা) এবং কৃষ্ণনগর পাবলিক লাইব্রেরির কর্মীদের ভূমিকা বিশেষভাবে উল্লেখযোগ্য।

ধন্যবাদ জানাই দেবশিসদাকে, দেবশিসদার সাহায্য ছাড়া গ্রন্থটি টাইপ করাই সম্ভব ছিল না। আমার বাবা (আমার শিক্ষকও বটে) শ্রী পরিমল মিত্র যেভাবে নিজেই আর্থিকভাবে বিপন্ন করেও গবেষণা কর্মটি সম্পন্ন করতে সাহায্য করেছেন তা বিরল দৃষ্টান্ত হিসাবে গণ্য হওয়ার যোগ্য। আমার দাদু শ্রী স্মরজিৎ গোপাল দাস যেভাবে নিরন্তর খোঁজ খবর নিয়ে গবেষণা কর্মটি সম্পন্ন করতে উৎসাহ দিয়েছেন তার সত্যিই তুলনা হয় না। বন্ধু জমিরুদ্দিন ও চন্দন দিনের পর দিন যেভাবে সাহায্য করেছে তাও বন্ধুত্বের অসাধারণ দৃষ্টান্ত হিসাবে উল্লেখের দাবি রাখে। আমার মা কৃষ্ণ মিত্র, কাকা তাপস মিত্র, কাকীমা আরতি মিত্র, বোন তমোশ্রী ও অমৃতার সাহায্য পেয়েছি যথেষ্টই। কাকু শ্যামল ঘোষ, কাকীমা সন্ধ্যা ঘোষ, দিদি রুমা, দাদা বাপ্পাদিত্য এবং ঝুমার সাহায্য লাভে বঞ্চিত হইনি কখনোই।

এই গবেষণা-প্রকল্পে অধ্যাপক ড. মীর রেজাউল করিম এবং আমার পিতার কাছে কৃতজ্ঞতার শেষ নেই। এছাড়া সকলের সর্বকম সাহায্য-সহযোগিতা আমি কৃতজ্ঞতার সাথে স্মরণ করি।

তথ্য মিত্র

মাটিয়ারী, ডাকঘর - বানপুর জেলা - নদিয়া,
পশ্চিমবঙ্গ, ডাক সূচক - ৭৪১৫০৩

তন্ময় মিত্র

১লা বৈশাখ, ১৪১৫